# বিরল উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| সভাপতিঃ- | মোঃ রেজাউল ইসলাম | আলোচ্য মাসঃ- | জুন/ ২০২৬খ্রিঃ। |
| | উপজেলা নির্বাহী অফিসার | তারিখঃ- | ১৩/০৭/২০২৬খ্রিঃ। |
| | বিরল, দিনাজপুর। | রোজঃ- | সোমবার |
| | | সময়ঃ- | সকাল ১০.৪০ ঘটিকায়। |
| | | স্থানঃ- | উপজেলা পরিষদ কনফারেন্স রুম। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি বিরল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরার জন্য অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল, দিনাজপুর-কে অনুরোধ জানানো হয়।

ক) অফিসার ইনচার্জ (তদন্ত), বিরল থানা, বিরল, দিনাজপুর গত ০২ (দুই) মাসের আইন-শৃঙ্খলা সম্পর্কিত বিরল থানায় দায়েরকৃত মামলা সম্পর্কে নিম্নোক্ত প্রতিবেদন উপস্থাপন করেন।

| মাসের নাম | মাদকদ্রব্য | চোরাচালান | পুলিশ আক্রান্ত | খুন | চুরি | দস্যুতা/ অস্ত্র আইন | সড়ক পরিবহন আইন | নারী ও শিশু নির্যাতন | ধর্ষণ | অপহরণ | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন/২০২৬ | ১২ | - | ০১ | ০১ | ০৩ | - | - | - | - | ০১ | ১২ | ৩০ |
| মে/২০২৬ | ১৩ | - | - | - | ০৩ | - | - | ০১ | ০২ | ০১ | ০১ | ২১ |

খ) অতঃপর সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<u>সিদ্ধান্তসমূহঃ-</u>

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | মাদকসেবীদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ ওয়ার্ড পর্যায়ে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, মসজিদের ইমাম ও মন্দিরের পুরহিতদের সমন্বয়ে মাদক প্রতিরোধ কমিটি পুনর্গঠন করে মাদকের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণে সহযোগিতা প্রদানের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক ইউনিয়নে ০১ (এক) জন ট্যাগ অফিসার এ বিষয়ে তদারকির জন্য দায়িত্ব প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)। |
| ০২ | বিরল উপজেলার প্রতিটি ইউনিয়নে পুলিশবাহিনীর টহল কার্যক্রম এবং বিশেষ নজরদারি বাড়ানোর জন্য অফিসার ইনচার্জ, বিরল থানাকে অনুরোধ করা হয়। এছাড়াও অত্র উপজেলার ৭নং বিজোড়া ইউনিয়নের পত্নির মোড়ে এবং পাকুড়া হতে গগনপুর সড়কে পুলিশ চেকপোষ্ট বসানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পক্ষ হতে অফিসার ইনচার্জ, বিরল থানা-কে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল, দিনাজপুর। |
| ০৩ | বিরল উপজেলায় চুরি, ডাকাতি, চাঁদাবাজি, ছিনতাই, অপহরণ, দব দুষ্টিসহ সকল ধরনের অপরাধমূলক কর্মকান্ড বন্ধের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বিরল থানাকে অনুরোধ করা হয়। এছাড়াও চুরি, ছিনতাই রোধে বিশেষ নজরদারি বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল।<br>২। ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)। |
| ০৪ | মাদক বিরোধী জনসচেতনতা বৃদ্ধির জন্য সকল ইউনিয়ন পরিষদ কর্তৃক স্ব স্ব ইউনিয়নে বাধ্যতামূলকভাবে কমপক্ষে ০১টি মাদকবিরোধী জনসচেতনতামূলক প্রচারণা সভা আয়োজনপূর্বক উক্ত সভায় অফিসার ইনচার্জ, বিরল থানা অথবা তাঁর প্রতিনিধি এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিকে সম্পৃক্ত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল।<br>২। ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)।<br>৩। ইউ.পি প্রশাসনিক কর্মকর্তা (সকল), বিরল।<br>৪। ইউপি সদস্যবৃন্দ (সকল), বিরল, দিনাজপুর। |
| ০৫ | বিরল উপজেলার সীমান্ত দিয়ে ভারতীয় নাগরিককে জোরপূর্বক অবৈধভাবে পুশইন বন্ধের লক্ষে নিজেদের মধ্যে দূরত্ব কমিয়ে সকলের সমন্বিত প্রচেষ্টায় এবং আন্তরিকতার মাধ্যমে পুশইন প্রতিরোধের বিষয়ে বিজিবি বাহিনীকে সতর্কতার সাথে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। কোম্পানী কমান্ডার, কিশোরীগঞ্জ, এনায়েতপুর বিওপি, বিজিবি, বিরল, দিনাজপুর।<br>২। ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)।<br>৩। ইউ.পি প্রশাসনিক কর্মকর্তা (সকল), বিরল। |

| | | |
|---|---|---|
| ০৬ | বিরল উপজেলায় জ্বালানি সংকট মোকাবেলায় বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ রাত ৯.০০ ঘটিকার মধ্যে বন্ধ রাখার বিষয়ে সরকারি নির্দেশ প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল।<br>৩। ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)।<br>৪। সভাপতি, বিরল বাজার বনিক সমিতি, বিরল। |
| ০৭ | দেশীয় প্রজাতির মাছের উন্নয়ন, সংরক্ষণ ও জীববৈচিত্র রক্ষায় মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী চায়না দুয়ারী জাল বিনষ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বিরল, দিনাজপুর।<br>৩। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল। |
| ০৮ | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরবরাহকৃত মিড-ডে-মিলের গুণগত মান নিয়মিত পরীক্ষার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুর-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুর |
| ০৯ | বিরল উপজেলার সকল সরকারি/ স্বায়ত্তশাসিত দপ্তরে নিজ উদ্যোগে সিসিটিভি ক্যামেরা স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। সকল দাপ্তরিক প্রধানবৃন্দ, বিরল, দিনাজপুর। |
| ১০ | বিরল উপজেলায় আত্মহত্যা/ অপমৃত্যু রোধের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রচারণা/সেমিনার/সভা আয়োজনপূর্বক এ বিষয়ে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। একইসাথে উক্ত বিষয়ে ইসলামিক দৃষ্টিকোন থেকে আত্মহত্যার কুফল সম্পর্কে জনসচেতনতামূলক লিখিত বক্তব্য প্রতিটি মসজিদের ইমাম দ্বারা প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিরল।<br>২। স্যানেটারী ইন্সপেক্টর, বিরল, দিনাজপুর।<br>৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর। |
| ১১ | অনলাইন জুয়ার কবল থেকে মুক্তি প্রদানে বিটিআরসি, বিটিসিএল ও টেলিকমিউনিকেশন কোম্পানির সাথে কথা বলে এবিষয়ে অনলাইন জুয়া প্রচারণা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকলকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। সেইসাথে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান, কোম্পানি বা অন্য কোনও সংস্থা সাইবার স্পেসে জুয়া খেলার নিমিত্ত কোনও পোর্টাল বা অ্যাপস বা ডিভাইস তৈরী করেন বা পরিচালনা করেন বা খেলায় অংশগ্রহণ করেন বা খেলায় সহায়তা বা উৎসাহ প্রদান করেন তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বিরল, দিনাজপুর।<br>৩। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল।<br>৪। টেলিকমিউনিকেশন কোম্পানী কর্তৃপক্ষ (সকল)। |
| ১২ | বিরল উপজেলায় বাল্যবিবাহ বন্ধ, নারী ও শিশু নির্যাতনরোধে, আত্মহত্যার কুফল সম্পর্কে অবহিতকরন, সকল অভিভাবকের নিজ নিজ সন্তানের প্রতি যত্নবান হওয়ার বিষয়ে এবং মাদকের বিরুদ্ধে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ১। সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরল, দিনাজপুর।<br>৩। ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), বিরল। |
| ১৩ | বিরল উপজেলার সকল মসজিদে ইমামদের মাধ্যমে শুক্রবার জুমার নামাজের খুতবার পূর্বে বাল্যবিবাহ বন্ধ, নারী ও শিশু নির্যাতনরোধ, আত্মহত্যার কুফল সম্পর্কে অবহিতকরন, মাদকের ভয়াবহতা ও কুফল সম্পর্কে কোরআন ও হাদিসের আলোকে জনসচেতনতামূলক বক্তব্য প্রদান এবং সন্ত্রাস ও নাশকতা কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করতে লিখিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তা নিয়মিত তদারকি করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ১। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর।<br>২। সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানবৃন্দ (সকল)।<br>৩। সকল মসজিদের সম্মানীত ইমামগণ, বিরল, দিনাজপুর। |

গ) সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/৭/২২

মোঃ জোবাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০২৫.১৪- ২০৪৭

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. জনাব মোঃ সাদিক রিয়াজ, মাননীয় সংসদ সদস্য, ৭ দিনাজপুর-২ (বিরল-বোচাগঞ্জ)।
২. জেলা প্রশাসক, দিনাজপুর।
৩. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৪. উপজেলা.............................................................অফিসার, বিরল, দিনাজপুর।
৫. অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।
৬. উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. কোম্পানী কমান্ডার, কিশোরীগঞ্জ/মঙ্গলপুর বিওপি, বিজিবি, বিরল, দিনাজপুর।
৮. চেয়ারম্যান.............................................................ইউ, পি, (সকল), বিরল, দিনাজপুর।
৯. ইউপি প্রশাসনিক কর্মকর্তা, .............................................................ইউ, পি, (সকল), বিরল, দিনাজপুর।
১০. জনাব.............................................................বিরল, দিনাজপুর।
১১. অফিস কপি।

27/7/25

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।